


সারাদেশ

কসবার সিএনজি চালক হত্যার ঘটনায় অভিযুক্ত ২ জন কুমিল্লা থেকে গ্রেফতার

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি প্রতিনিধি

র‍্যাব-৯ ও র‍্যাব-১১ এর যৌথ অভিযানে ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ঐশ্যতানের নিঃশ্বাস ব্যবহার করে সিএনজি চালক হত্যার ঘটনায় অভিযুক্ত ২ জনকে কুমিল্লা থেকে গ্রেফতার করা হয়েছে।

গোপন সংবাদের ভিত্তিতে র‍্যাব-৯, সিপিসি-১, ব্রাহ্মণবাড়িয়া এবং র‍্যাব-১১, সিপিসি-২, কুমিল্লার একটি যৌথ আভিযানিক দল রবিবার (২৩ আগস্ট) আনুমানিক রাত ১.০০ ঘটিকার সময় কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলার বাগুরা এলাকায় এবং ১.৫০ ঘটিকার সময় কুমিল্লা জেলার কোতোয়ালী উপজেলার নিশ্চিন্তপুর এলাকায় অভিযান পরিচালনা

করে ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা থানার মামলা নং- ০৩, পেনাল কোড ১৮৬০; এর মূলে ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ঐশ্যতানের নিঃশ্বাস ব্যবহার করে সিএনজি চালক হত্যার ঘটনায় তদন্তে প্রাপ্ত ২ জনকে গ্রেফতার করতে সক্ষম হয়।

গ্রেফতারকৃত ব্যক্তির হালাত - মোঃ আবুল বাশার (৪৪), পিতা- মোঃ শহিদুল ইসলাম, দুয়ারিয়া, দেবিদ্বার এবং নাজমুন নাহার লাভলী (২৮), পিতা- মৃত রফিক মিয়া, সংরাইশ, কোতয়ালী, উভয় জেলা- কুমিল্লা।

গ্রেফতারকৃত আসামিদেরকে প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায় যে, তারা এবং অন্যান্য বিবাদীগণ ঐশ্যতানের নিঃশ্বাস নামক চেতনা নাশক ব্যবহার করে সিএনজি চালককে হত্যা করে সিএনজি অটোরিক্সা ছিনিয়ে নেয়।

উল্লেখ্য যে, গত ৪ আগস্ট ২৬ ইং তারিখ এ মামলায় তদন্তে প্রাপ্ত ১ জন ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছিল।

পরবর্তী আইনি ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে গ্রেফতারকৃত আসামিদের সংশ্লিষ্ট থানায় হস্তান্তর করা হয়েছে। এছাড়াও আইন - শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে র‍্যাব-৯ এর চলমান গোয়েন্দা তৎপরতা ও অভিযান অব্যাহত রয়েছে।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে ঐমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দেয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ভেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদের আত্মীয়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/ksbar-sienji-chalk-htjar-ghtnay-obhijkt-2-jn-kumilla-theke-greftar>